গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, পরিকল্পনা বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................ ৩

প্রস্তাবনা ........................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .................................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ .................................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি .................................... ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ............................ ১৮

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

**সাম্প্রতিক অর্জন:**

জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন প্রকল্প বাছাই এবং অনুমোদন করা পরিকল্পনা বিভাগের প্রধান কাজ। বিগত ০৩(তিন) অর্থবছরে ৭৬টি একনেক সভা এবং ০৭টি এনইসি সভা অনুষ্ঠিত হয়েছে। মোট ৫৭৪টি উন্নয়ন প্রকল্প অনুমোদিত হয়েছে। এছাড়া জাতীয় টেকসই উন্নয়ন কৌশলপত্র (২০১০-২০২১) প্রকাশ করা হয়েছে এবং বাংলাদেশের প্রথম প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১ চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রথম মূল্যায়ন প্রতিবেদন ২০১২, সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন সম্পর্কিত বাংলাদেশের অগ্রগতির প্রতিবেদন, ২০১২ ও ২০১৩ প্রকাশ করা হয়েছে। ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫ অর্থবছরের আরএডিপি এবং ২০১৩-২০১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ অর্থ-বছরের এডিপি চূড়ান্ত করা হয়েছে। সার্ক উন্নয়ন লক্ষ্য (SAARC Development Goal- SDG) অর্জন সম্পর্কিত বাংলাদেশের অগ্রগতি প্রতিবেদন, ২০১৩ প্রকাশ করা হয়েছে। ডিপিপি ম্যানুয়াল পার্ট-১ ও ডিপিপি ম্যানুয়াল পার্ট-২ প্রকাশ করা হয়েছে। পরিকল্পনা বিভাগ ও কমিশনের বিগত ০৫ বৎসরের সাফল্য নিয়ে 'পরিকল্পিত উন্নয়নের মহাসড়কে' শীর্ষক পুস্তিকা ও ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যমেয়াদী মূল্যায়ন প্রতিবেদন, ২০১৪ প্রকাশ করা হয়েছে। এছাড়াও জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (National Social Security Strategy of Bangladesh) এর খসড়া মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত হয়েছে।

### সমস্যা ও চ্যালেঞ্জ:

অসম্পূর্ণ Development Project Proposal (DPP) এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে নির্ধারিত সময়সীমা অতিক্রমন (Time overrun) ও ক্ষেত্রবিশেষে প্রকল্প ব্যয় বৃদ্ধি।

### ভবিষ্যত পরিকল্পনা:

৩৯টি গবেষণা বা গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদান এবং ৩৪টি গবেষণালব্ধ প্রতিবেদন প্রকাশ করা হবে। সপ্তম পঞ্চমবার্ষিক পরিকল্পনা চূড়ান্তকরণ। উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি অধিকতর সহজীকরণের লক্ষ্যে তথ্য প্রযুক্তি বিষয়ক এবং অন্যান্য প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধি।

### ২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা চূড়ান্তকরণ;
- সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির চূড়ান্ত প্রকাশনা;
- বার্ষিক উন্নয়ন কর্মসূচির চূড়ান্তকরণ;
- বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির পর্যালোচনা;
- ডেল্টা প্ল্যান ২১০০ প্রণয়ন;
- প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১ বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন;
- সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা সম্পর্কিত বাংলাদেশের অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন;
- সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদান;
- প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন;

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পরিকল্পনা বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

টেকসই, সময়াবদ্ধ ও কার্যকর আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

অংশগ্রহণ মূলক জাতীয় উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা, কৌশল এবং কার্যকর সম্পদ ব্যবস্থাপনার মাধ্যমে দেশের টেকসই সর্বাঙ্গীন উন্নয়ন।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. কার্যকর পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে জাতীয় উন্নয়ন ত্বরান্বিতকরণ;
২. জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন ত্বরান্বিতকরণ
৩. উন্নয়ন ও প্রশাসনিক কার্যক্রমে দক্ষতাবৃদ্ধি

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. দেশের আর্থসামাজিক উন্নয়নের জন্য দীর্ঘমেয়াদি, মধ্যমেয়াদি ও স্বল্পমেয়াদি জাতীয় উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা ও কৌশল প্রণয়ন;
২. উন্নয়ন প্রকল্পের প্রস্তাব প্রক্রিয়াকরণ, মূল্যায়ন, অনুমোদন সহজীকরণ ও সংশোধন;
৩. জাতীয় পরিকল্পনা, নীতিমালা ও কৌশল অনুযায়ী এডিপি ও আরএডিপি প্রণয়ন;
৪. আর্থসামাজিক উন্নয়নে গবেষণা কার্যক্রম গ্রহণ, গবেষকদের প্রণোদনা প্রদান এবং কার্যকর পরিকল্পনা প্রণয়ন ও উন্নয়নে সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় জরিপ ও অনুসন্ধান কার্যক্রম গ্রহণ এবং প্রতিবেদন জার্নাল প্রকাশ;
৫. উন্নয়ন প্রকল্পের পরিবীক্ষণ ও মূল্যায়ন;
৬. সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রায় বাংলাদেশের সাফল্যের প্রতিবেদন প্রণয়ন।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| জাতীয় উন্নয়ন পরিকল্পনা দলিলের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প গ্রহণ। | সামঞ্জস্যপূর্ণ প্রকল্পের হার | % | ৮৫% | ৮৬% | ৯০% | ৯২% | ৯৫% | - | পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের বার্ষিক প্রতিবেদন। |
| প্রকল্প অনুমোদনে গতিশীলতা বৃদ্ধি | গড় সময় হ্রাস | দিন | ৬৫ | ৬৫ | ৬০ | ৫৯ | ৫৮ | - | পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের বার্ষিক প্রতিবেদন। |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যকর পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে জাতীয় উন্নয়ন ত্বরান্বিতকরণ; | ৩৬ | [১.১] সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (RADP) প্রণয়ন ও হালনাগাদকরণ | [১.১.১] সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত। | তারিখ | ৬.০০ | ০৩-০৪-২০১৪ | ১০-০৩-২০১৫ | ০৯-০৩-২০১৬ | ১৫-০৩-২০১৬ | ২৫-০৩-২০১৬ | ৩১-০৩-২০১৬ | ০৫-০৪-২০১৬ | ০৮-০৩-২০১৭ | ০৭-০৩-২০১৮ |
| | | [১.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) প্রণয়ন | [১.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত। | তারিখ | ৬.০০ | ২০-০৫-২০১৪ | ১৪-০৫-২০১৫ | ১৩-০৫-২০১৬ | ২০-০৫-২০১৬ | ২৫-০৫-২০১৬ | ৩০-০৫-২০১৬ | ০৫-০৬-২০১৬ | ১২-০৫-২০১৭ | ১১-০৫-২০১৮ |
| | | [১.৩] বার্ষিক উন্নয়ন কর্মসূচি সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির পর্যালোচনা। | [১.৩.১] অনুষ্ঠিত সভা। | সংখ্যা | ২.০০ | ০১ | ০১ | ০২ | ০১ | - | - | - | ০২ | ০২ |
| | | [১.৪] ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুমোদন, প্রকাশনা এবং বিতরণ | [১.৪.১] জাতীয় অর্থনৈতিক পরিষদের অনুমোদনের জন্য চূড়ান্ত খসড়া উপস্থাপিত | তারিখ | ৪.০০ | | | ৩০-০৯-২০১৫ | ৩১-১০-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | ৩১-১২-২০১৫ | | |
| | | | [১.৪.২] চূড়ান্ত দলিল মুদ্রিত। | তারিখ | ২.০০ | | | ৩১-১২-২০১৫ | ৩১-০১-২০১৬ | ১৫-০২-২০১৬ | ২৮-০২-২০১৬ | ১৫-০৩-২০১৬ | | |
| | | | [১.৪.৩] চূড়ান্ত দলিল বিতরণ | তারিখ | ২.০০ | | | ১৫-০১-২০১৬ | ৩১-০১-২০১৬ | ১০-০২-২০১৬ | ২০-০২-২০১৬ | ২৮-০২-২০১৬ | | |
| | | [১.৫] ডেল্টা প্ল্যান ২১০০ প্রণয়ন | [১.৫.১] চূড়ান্ত বেজলাইন সমীক্ষা : | তারিখ | ৩.০০ | | | ৩১-০৮-২০১৫ | ১৫-০৯-২০১৫ | ৩০-০৯-২০১৫ | ১৫-১০-২০১৫ | ৩১-১০-২০১৫ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৫] ডেল্টা প্ল্যান ২১০০ প্রণয়ন | [১.৫.২] ভিশন, মিশন এবং কৌশল নির্ধারণ সম্পন্ন। | তারিখ | ২.০০ | | | ৩১-০৩-২০১৬ | ১৫-০৪-২০১৬ | ৩০-০৪-২০১৬ | ১৫-০৫-২০১৬ | ৩০-০৫-২০১৬ | | |
| | | [১.৬] প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১ বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন | [১.৬.১] প্রণীত অগ্রগতি প্রতিবেদন । | তারিখ | ৬.০০ | | | ৩১-০৩-২০১৬ | ১৪-০৪-২০১৬ | ৩০-০৪-২০১৬ | ০৭-০৫-২০১৬ | ১৫-০৫-২০১৬ | | |
| | | [১.৭] সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন সম্পর্কিত বাংলাদেশের অগ্রগতির প্রতিবেদন প্রণয়ন। | [১.৭.১] প্রণীত অগ্রগতি প্রতিবেদন । | তারিখ | ৩.০০ | | | ৩১-০৩-২০১৬ | ১৫-০৪-২০১৬ | ৩০-০৪-২০১৬ | ১৫-০৫-২০১৬ | ৩১-০৫-২০১৬ | | |
| [২] জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন ত্বরান্বিতকরণ | ২৪ | [২.১] প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন। | [২.১.১] প্রক্রিয়াকরণকৃত প্রকল্প | % | ৬.০০ | ৯২% | ৯৫% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ৭৫% | ৯৫% | ৯৫% |
| | | | [২.১.২] প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠান (PEC/SPEC) | সংখ্যা | ৬.০০ | ৪৪৪ | ৪১২ | ৪২০ | ৪০০ | ৩৮০ | ৩৬০ | ৩৪০ | ৪২০ | ৪৩০ |
| | | | [২.১.৩] অনুমোদিত প্রকল্প | সংখ্যা | ৬.০০ | ২১২ | ২১২ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ২০০ | ২২০ |
| | | [২.২] পিএসসি , পিআইসি, এডিপি, ডিপিইসি/ডিএসপিইসি (PSC, PIC, ADP, DPEC/DSPEC) সভায় যোগদান | [২.২.১] অংশগ্রহণকৃত সভা | সংখ্যা | ৬.০০ | ৫০০ | ৫২০ | ৫২০ | ৫০০ | ৪৮০ | ৪৬০ | ৪৪০ | ৫২০ | ৫৩০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] উন্নয়ন ও প্রশাসনিক কার্যক্রমে দক্ষতাবৃদ্ধি | ২৩ | [৩.১] একনেক এনইসি সভায় সাচিবিক সহায়তা প্রদান। | [৩.১.১] এনইসি (NEC) সভা। | সংখ্যা | ৪.০০ | ০২ | ০২ | ০২ | ০১ | ০১ | ০১ | ০১ | ০২ | ০২ |
| | | | [৩.১.২] একনেক (ECNEC) সভা। | সংখ্যা | ৩.০০ | ২৬ | ৩১ | ২৮ | ২৬ | ২৫ | ২৪ | ২৩ | ২৮ | ২৮ |
| | | | [৩.১.৩] এনইসি এর বর্ধিত সভা । | সংখ্যা | ২.০০ | ০২ | ০২ | ০২ | ০১ | ০১ | ০১ | ০১ | ০২ | ০২ |
| | | [৩.২] সরকারি/বেসরকারি কর্মকর্তাবৃন্দের জন্য বিভিন্ন মেয়াদি পেশাগত প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা | সংখ্যা | ৬.০০ | ২৬৩১ | ২৩৮৮ | ২৪০০ | ২৩০০ | ২২০০ | ২১০০ | ২০০০ | ২৫০০ | ২৬০০ |
| | | [৩.৩] সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদান | [৩.৩.১] প্রকাশিত গবেষণা প্রতিবেদন | সংখ্যা | ৪.০০ | ২১ | ৩২ | ৩৪ | ৩০ | ২৬ | ২২ | ১৮ | ৩৫ | ৩৬ |
| | | [৩.৪] আর্থসামাজিক বিষয়ের উপর গবেষণা, গবেষণালব্ধ জ্ঞান /ফলাফল প্রকাশ ও প্রচার | [৩.৪.১] দাখিলকৃত গবেষণা প্রতিবেদন | সংখ্যা | ৩.০০ | ৩২ | ৩৪ | ৩৯ | ৩৫ | ৩২ | ২৯ | ২৮ | ৩৫ | ৩৮ |
| | | [৩.৫] উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন পরিদর্শন | [৩.৫.১] পরিবীক্ষণকৃত উন্নয়ন প্রকল্প | সংখ্যা | ১.০০ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৪৫ | ৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, পরিকল্পনা বিভাগ, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পরিকল্পনা বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২০.০৯.২০১৫

সচিব
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

তারিখ

২০/০৯/২০১৫

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এনইসি | ন্যাশনাল ইকনমিক কাউন্সিল। |
| ২ | বিআইডিএস | বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভেলাপমেন্ট স্টাডিস। |
| ৩ | ডিপিইসি | ডিপার্টমেন্টাল প্রজেক্ট ইভালুশন কমিটি। |
| ৪ | ডিএসপিইসি | ডিপার্টমেন্টাল স্পেশাল প্রজেক্ট ইভালুশন কমিটি। |
| ৫ | জিডিপি | গ্রস ডমেস্টিক প্রডাক্ট। |
| ৬ | এমডিজি | মিলিনিয়াম ডেভেলাপমেন্ট গোলস্। |
| ৭ | এনএপিডি | ন্যাশনাল একাডেমি ফর প্ল্যানিং এন্ড ডেভেলাপমেন্ট। |
| ৮ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিস্টিক্স্। |
| ৯ | জিইডি | জেনারেল ইকনমিক ডিভিশন। |
| ১০ | এনএসএস | ন্যাশনাল স্ট্যাটিসটিক্যাল সিস্টেম। |
| ১১ | এনএসডিএস | ন্যাশনাল সাস্টেনিবল ডেভেলাপমেন্ট স্ট্রাটিজিস। |
| ১২ | পিইসি | প্রজেক্ট ইভালুশন কমিটি। |
| ১৩ | পিএসসি | প্রজেক্ট স্টিয়ারিং কমিটি |
| ১৪ | পিআইসি | প্রজেক্ট ইমপ্লিমেনটেশন কমিটি। |
| ১৫ | এসপিইসি | স্পেশাল প্রজেক্ট ইভালুশন কমিটি |
| ১৬ | এসডিজি | সার্ক ডেভেলাপমেন্ট গোল। |
| ১৭ | একনেক | একজিকিউটিভ কমিটি অব দি ন্যাশনাল ইকনমিক কাউন্সিল। |
| ১৮ | এনজিও | নন-গভর্নমেন্ট অরগানিজেশন। |
| ১৯ | এডিপি | এনুয়াল ডেভেলাপমেন্ট প্রোগ্রাম |
| ২০ | আরএডিপি | রিভাইসড এনুয়াল ডেভেলাপমেন্ট প্রোগ্রাম |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (RADP) প্রণয়ন ও হালনাগাদকরণ | [১.১.১] সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত। | প্রকল্পের চাহিদা এবং সম্পদের সীমাবদ্ধতার উপর ভিত্তি করে সংশোধিত এডিপি ২০১৫-১৬ প্রণয়ন ও প্রকাশ | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) প্রণয়ন | [১.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত। | প্রকল্পের আবশ্যকতা এবং সম্পদের সীমাবদ্ধতা উপর ভিত্তি করে চূড়ান্ত এডিপি ২০১৬-১৭ প্রণয়ন ও প্রকাশ। | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] বার্ষিক উন্নয়ন কর্মসূচি সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির পর্যালোচনা। | [১.৩.১] অনুষ্ঠিত সভা। | জাতীয় উন্নয়ন পরিকল্পনা তথা এডিপিভূক্ত প্রকল্পের সুষ্ঠু ও যথাযথ বাস্তবায়নের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জিত হবে কি না তা পর্যালোচনার জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সভাপতিত্বে সভা অনুষ্ঠান করা হয়। সভায় Low Performing মন্ত্রণালয়/বিভাগকে অগ্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে বাস্তবায়ন অগ্রগতি ও প্রকল্প ভিত্তিক বরাদ্দ সমন্বয়ের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। অন্যদিকে High Performing মন্ত্রণালয়/বিভাগের চাহিদা অনুযায়ী বরাদ্দের বিষয়টি বিবেচনা করা হয়। | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুমোদন, প্রকাশনা এবং বিতরণ | [১.৪.১] জাতীয় অর্থনৈতিক পরিষদের অনুমোদনের জন্য চূড়ান্ত খসড়া উপস্থাপিত | বিভিন্ন মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টর ডিভিশন এর প্রতিবেদন, ব্যাকগ্রাউন্ড সমীক্ষা, টেকনিক্যাল ফ্রেমওয়ার্ক, জরিপ, স্টেকহোল্ডারদের নিয়ে আয়োজিত কর্মশালা থেকে প্রাপ্ত সুপারিশ ও মতামত ইত্যাদির উপর ভিত্তি করে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০১৬-২০২০ এর খসড়া অনুমোদনের জন্য জাতীয় অর্থনৈতিক পরিষদের উপস্থাপন করা। | সাধারণ অর্থনীতি বিভাগ (GED), পরিকল্পনা কমিশন | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.৪.২] চূড়ান্ত দলিল মুদ্রিত। | জাতীয় অর্থনৈতিক পরিষদ কর্তৃক অনুমোদিত সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০১৬-২০২০ দলিল বিজি প্রেসের মাধ্যমে মুদ্রণ। | সাধারণ অর্থনীতি বিভাগ (GED), পরিকল্পনা কমিশন | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.৪.৩] চূড়ান্ত দলিল বিতরণ | বিজি প্রেস কর্তৃক মুদ্রিত পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০১৬-২০২০ দলিল বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বিতরণ করা। | সাধারণ অর্থনীতি বিভাগ (GED), পরিকল্পনা কমিশন | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.৫] ডেল্টা প্ল্যান ২১০০ প্রণয়ন | [১.৫.১] চূড়ান্ত বেজলাইন সমীক্ষা ; | বাংলাদেশে বন্যা, খরা, সাইক্লোন, পানির গুণাগুণ হ্রাস, লবণাক্ততা বৃদ্ধিসহ অন্যান্য প্রাকৃতিক দূর্যোগের প্রভাবকে হ্রাস করার নিমিত্ত কৃষি, মৎস্য, শিল্প, বনায়ন, পানি ব্যবস্থাপনা, স্যানিটেশন ও পরিবেশ সকল খাতকে একীভূত করে একটি সমন্বিত কার্যক্রমের মাধ্যমে বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর ব্যাকগ্রাউন্ড পেপার হিসেবে বেজলাইন সমীক্ষাসমূহ চূড়ান্ত করা। | সাধারণ অর্থনীতি বিভাগ (GED), পরিকল্পনা কমিশন | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.৫.২] ভিশন, মিশন এবং কৌশল নির্ধারণ সম্পন্ন। | ডেল্টা পরিকল্পনা ৫০ থেকে ১০০ বছর মেয়াদে জলবায়ু পরিবর্তন বিবেচনায় পানি সম্পদ তথা পানি শাসনকে মূল উপজীব্য হিসাবে গ্রহণ করবে। বাংলাদেশের পানিসম্পদ ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতসহ টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিত করণের একটি কাঠামো প্রণয়ন করা এবং উক্ত কাঠামোতে ভিশন, মিশন ও কর্মকৌশল নির্ধারণ করা। | সাধারণ অর্থনীতি বিভাগ (GED), পরিকল্পনা কমিশন | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৬] প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১ বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন | [১.৬.১] প্রণীত অগ্রগতি প্রতিবেদন । | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রকাশ। | সাধারণ অর্থনীতি বিভাগ (GED), পরিকল্পনা কমিশন | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৭] সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন সম্পর্কিত বাংলাদেশের অগ্রগতির প্রতিবেদন প্রণয়ন। | [১.৭.১] প্রণীত অগ্রগতি প্রতিবেদন । | সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রায় বাংলাদেশের সাফল্যের প্রতিবেদন প্রণয়নের জন্য প্রয়োজনীয় বিভিন্ন তথ্য অন্যান্য মন্ত্রণালয় হতে সংগ্রহ করা প্রয়োজন হয়। অন্যথায় প্রতিবেদনটি প্রকাশ করা সম্ভব হবে না। | সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন। | [২.১.১] প্রক্রিয়াকরণকৃত প্রকল্প | উদ্যোক্ত মন্ত্রণালয়/বিভাগের নিকট হতে উন্নয়ন প্রকল্প প্রস্তাব প্রাপ্তির পর নীতিমালা অনুযায়ী অনুমোদনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়। | ভৌত অবকাঠামো বিভাগ, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ এবং শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন। | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.১.২] প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠান (PEC/SPEC) | প্রাপ্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাব জাতীয় উন্নয়ন পরিকল্পনা এবং প্রকল্প প্রণয়ন সংক্রান্ত নীতিমালার আলোকে নির্ধারিত মূল্যায়ন কমিটির সভায় সঠিকতা যাচাই করা হয়। | ভৌত অবকাঠামো বিভাগ, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ এবং শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন। | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.১.৩] অনুমোদিত প্রকল্প | ২৫ কোটি টাকা পর্যন্ত প্রকল্প মাননীয় পরিকল্পনা মন্ত্রী অনুমোদন করেন এবং তার উর্ধ্বের প্রকল্প একনেক সভায় অনুমোদিত হয়। | পরিকল্পনা কমিশনের সকল বিভাগ। | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [২.২] পিএসসি , পিআইসি, এডিপি, ডিপিইসি/ডিএসপিইসি (PSC, PIC, ADP, DPEC/DSPEC) সভায় যোগদান | [২.২.১] অংশগ্রহণকৃত সভা | বিভিন্ন মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পিএসসি , পিআইসি, এডিপি, ডিপিইসি/ডিএসপিইসি সভায় পরিকল্পনা কমিশনের কর্মকর্তাগণকে অংশ গ্রহণ করতে হয়। | পরিকল্পনা কমিশনের সকল বিভাগ। | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.১] একনেক এনইসি সভায় সাচিবিক সহায়তা প্রদান। | [৩.১.১] এনইসি (NEC) সভা। | মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে এনইসি সভায় জাতীয় পরিকল্পনা, নীতি, কৌশল, এডিপি, সংশোধিত এডিপি চূড়ান্তকরণ | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.১.২] একনেক (ECNEC) সভা। | একনেকের সভাপতি হলেন মাননীয় প্রধানমন্ত্রী। বিভিন্ন মন্ত্রণালযের ২৫ কোটি টাকার উর্ধ্বে উপস্থাপিত সকল প্রকল্প প্রস্তাব আলোচনা ও অনুমোদন প্রদান। প্রতি সপ্তাহে সাধারণত একনেক সভা অনুষ্ঠিত হয়। | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.১.৩] এনইসি এর বর্ধিত সভা । | মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে এনইসি সভার বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। জাতীয় পরিকল্পনা, নীতি, কৌশল, এডিপি, সংশোধিত এডিপি চূড়ান্তকরণের লক্ষ্যে এ সভা হয়। | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.২] সরকারি/বেসরকারি কর্মকর্তাবৃন্দের জন্য বিভিন্ন মেয়াদি পেশাগত প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা | আইসিটি, উন্নয়ন অধ্যয়ন ও আর্থিক ব্যবস্থাপনা, উন্নয়ন প্রশাসন, পরিকল্পনা ও বাজেট, প্রকিউরমেন্ট, ইংরেজী ভাষা, মানব সম্পদ ব্যবস্থাপনা ইত্যাদির উপর নিয়মিত প্রশিক্ষণ, আইসটি বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা, যাচিত প্রশিক্ষণ কোর্স, এনএপিডিতে বিসিএস স্বাস্থ্য ক্যাডার কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ এবং পরিকল্পনা বিভাগে জাতীয় শুদ্ধাচার কৌশলের উপর প্রশিক্ষণ প্রদান | এনএপিডি ও পরিকল্পনা বিভাগ | এনএপিডির ট্রেনিং ক্যালেন্ডার ও পরিকল্পনা বিভাগের প্রতিবেদন | |
| [৩.৩] সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদান | [৩.৩.১] প্রকাশিত গবেষণা প্রতিবেদন | রিসার্চ রিপোর্ট, জার্নাল, মনোগ্রাফ, নিউজলেটার ও গবেষণা কার্যক্রম প্রকাশনা বিআইডিএস হতে নিয়মিত প্রকাশ হয়ে থাকে। | বিআইডিএস | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৪] আর্থসামাজিক বিষয়ের উপর গবেষণা, গবেষণালব্ধ জ্ঞান /ফলাফল প্রকাশ ও প্রচার | [৩.৪.১] দাখিলকৃত গবেষণা প্রতিবেদন | সমাজ বিজ্ঞান বিষয়ে গবেষকদের অনুদান/গ্রান্ট প্রদান এবং গবেষকদের কাছ থেকে প্রতিবেদন গ্রহণ | এসএসআরসি, পরিকল্পনা বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৫] উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন পরিদর্শন | [৩.৫.১] পরিবীক্ষণকৃত উন্নয়ন প্রকল্প | পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের কর্মকর্তাগণ চলমান উন্নয়ন প্রকল্পসমূহের মধ্যে গুরুত্ব বিবেচনায় বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করেন। | পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের কর্মকর্তাগণ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | অর্থ বিভাগ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত।,সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত। | দীর্ঘ ও মধ্যমেয়াদি উন্নয়ন পরিকল্পনা এবং মন্ত্রণালয়সমূহের বাজেট কাঠামোর আলোকে অর্জনযোগ্য উন্নয়ন প্রকল্প সমন্বয়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে প্রণয়নের জন্য চাহিদা মোতাবেক তথ্য এবং সম্পদের লভ্যতা (Resource Availability) জানা প্রয়োজন। দীর্ঘ ও মধ্যমেয়াদি উন্নয়ন পরিকল্পনার সাথে সামঞ্জস্য নিশ্চিত করে উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে প্রণয়নের স্বার্থে চাহিদা মোতাবেক তথ্য প্রয়োজন। | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/বার্ষিক উন্নয়ন কর্মসূচি সঠিকভাবে প্রণয়নপূর্বক প্রকাশের জন্য অর্থ বিভাগের নিকট হতে সম্পদের লভ্যতার প্রাপ্যতার বিষয়ে তথ্য প্রয়োজন। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক (৬০%) | দেশের আর্থ-সামাজিক উন্নয়ন বাধাগ্রস্ত হবে। |
| বিভাগ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত।,সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত। | বাজেট কাঠামোর আলোকে অর্জনযোগ্য উন্নয়ন প্রকল্প সমন্বয়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে প্রণয়নের জন্য সম্পদের লভ্যতা (Resource Availability) জানা প্রয়োজন। | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/বার্ষিক উন্নয়ন কর্মসূচি সঠিকভাবে প্রণয়নপূর্বক প্রকাশের জন্য অর্থনৈতিক সর্ম্পক বিভাগের নিকট হতে সম্পদের লভ্যতার প্রাপ্যতার বিষয়ে তথ্য প্রয়োজন। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক (৪০%) | দেশের আর্থ-সামাজিক উন্নয়ন বাধাগ্রস্ত হবে। |